তারিখ 16 JUN 1998
পৃষ্ঠা ০২ কলাম ৫

দৈনিক সংবাদ

৪

### সংসদে শিক্ষামন্ত্রী

# নয়া শিক্ষানীতি শিগগিরই জাতীয় সংসদে আসছে

(সংসদ বার্তা পরিবেশক)

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক পরীক্ষায় নকলপ্রবণতাকে সামাজিক ব্যধি চিহ্নিত করে বলেছেন, শিক্ষা মন্ত্রণালয় এই অশুভ প্রবণতা রোধের সম্ভাব্য উপায় খুঁজে দেখছে। যেসব পরীক্ষা কেন্দ্রে বেশি নকল হয় সেগুলো বাতিল করা, বই দেখেও যাতে প্রশ্নের উত্তর লেখা সম্ভব না হয় সে জন্য পর্যালোচনামূলক প্রশ্নপত্রের প্রবর্তন, নকলে সহায়তাকারী শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণসহ নানা পদক্ষেপের বিষয় খতিয়ে দেখা হচ্ছে। তিনি এই ব্যাপারে সকল রাজনৈতিক দলসহ সমাজের সকল সচেতন নাগরিকের সহায়তা কামনা করেন।

মন্ত্রী জানান, জাতীয় শিক্ষানীতি প্রণয়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে; শিগগিরই নয়া শিক্ষানীতি জাতীয় সংসদে উপস্থাপন করা হবে। নকলপ্রবণতার বিষয় নিয়ে সংসদে আলোচনার ব্যবস্থা নেয়া হবে।

জাতীয় সংসদে গতকাল সোমবার 'আধা ঘন্টার অনির্ধারিত আলোচনা' পর্বে জাতীয় পার্টির এডভোকেট ফজলে রাব্বী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষাসহ বিভিন্ন পরীক্ষায় ভয়াবহ নকলপ্রবণতা নিয়ে প্রশ্ন উথাপন করলে তার জবাব দিতে গিয়ে শিক্ষামন্ত্রী সাদেক একথা বলেন। গত ১০ই মে স্পিকার হুমায়ুন রশিদ চৌধুরী প্রতিদিনের অধিবেশন শেষ হওয়ার আগের আধা ঘন্টা সময় অনির্ধারিত আলোচনার জন্য নির্ধারণ করে দেয়ার পর গতকালই প্রথম এই অনির্ধারিত আলোচনা পর্বের সূচনা হয়। এ পর্বে সূচনা দিনে জাপার এডভোকেট ফজলে রাব্বী ছাড়াও আওয়ামী লীগের আবদুল লতিফ মির্জা আলোচনা করেন। শিক্ষামন্ত্রী সাদেক, এডভোকেট ফজলে রাব্বীর উথাপিত নকল বিষয়ক প্রশ্নের জবাব দেন। আগাগোড়া ডেপুটি স্পিকার আবদুল হামিদের সভাপতিত্বে অনুষ্ঠিত মাত্র ১ ঘন্টা ৫০ মিনিটের সংসদ অধিবেশনে এছাড়া সম্পূরক বাজেটের উপর সাধারণ আলোচনা ও দুটি জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণী নোটিশের উপর আলোচনা হয়। ২টার অধিবেশন বসেছে ২টা ৫৫ মিনিটে, শেষ হয় ৪টা ৪৫ মিনিটে। দিনের কার্যসূচিতে প্রশ্নোত্তর পর্ব ছিল যথারীতি, কিন্তু প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর প্রদান আকারে নির্ধারিত ১ ঘন্টা ব্যয় না করে প্রশ্নোত্তর পত্র টেবিলে উপস্থাপন করা হয়। বিএনপি সংসদে ফেরেনি, অধিবেশনে ছিল না উত্তাপ-উত্তেজনা। আজ মঙ্গলবার বেলা ২টায় অধিবেশন আবার বসছে।

### সম্পূরক বাজেটের ওপর আলোচনা

আওয়ামী লীগের বীরেন সিকদার সম্পূরক বাজেটের উপর দিনের আলোচনার সূচনা করে বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বৃদ্ধি বর্তমান সরকারের সাফল্যের প্রমাণ। সম্পূরক বাজেটে ব্যয় বাড়েনি, এটা প্রমাণ করে সরকার অপচয়ে বিশ্বাস করে না।

আওয়ামী লীগের মাহমুদা সওগাত বলেন, দেশ-জনগণ অর্থনৈতিক সমৃদ্ধির পথে আর বিরোধীদল তখন অরাজকতার সৃষ্টি করে উন্নয়ন বাধাগ্রস্ত করতে চায়। জনগণ এটা মেনে নেবে না।

জাতীয় পার্টির ডাঃ রুস্তম আলী ফরাজী বলেন, রাজস্বের সিংহভাগ ব্যয় হয় সরকারি কর্মচারীদের পেছনে। জনগণ জানতে চায়, সেই কর্মচারীরা জনগণের জন্য কতটা অবদান রাখছে। প্রশাসনের দুর্নীতি, অপচয় ও লুটপাটে জনগণ অতিষ্ঠ।

আওয়ামী লীগের সাগুফতা ইয়াসমিন এমিলি, বলেন ঃ সম্পূরক বাজেটে অতিরিক্ত ব্যয় হয়নি, অথচ উন্নয়ন প্রকল্পের কাজ যথাযথভাবেই হয়েছে। এটা সরকারের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বাক্ষর বহন করে। তিনি বলেন ঃ মাত্র দুবছর ক্ষমতার বাইরে থেকে বিএনপি নেতা-নেত্রীরা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছেন, ষড়যন্ত্র করছেন।

আওয়ামী লীগের সদস্য, উপমন্ত্রী ধীরেন্দ্র দেবনাথ শম্ভু বলেন ঃ বর্তমান সরকার স্বচ্ছতার নীতিতে বিশ্বাসী, স্বচ্ছতা-সততা নিয়ে সরকার দেশ পরিচালনা করছে। বিগত সরকারগুলোর আমলে দুর্নীতি, স্বজনপ্রীতি, লুটপাটের অর্থনীতি কায়েম হয়েছিল। দুবছরে বর্তমান সরকার সেই পরিস্থিতি পাল্টাতে অনেকটা সফল হয়েছে।

### আধা ঘন্টার অনির্ধারিত আলোচনা

আধা ঘন্টার অনির্ধারিত আলোচনা পর্বের সূচনা দিনে জাতীয় পার্টির এডভোকেট ফজলে রাব্বী মাইক নিয়ে বলেন ঃ এসএসসি, এইচএসসি পরীক্ষাসহ বিভিন্ন পরীক্ষায় যে হারে নকল হচ্ছে তা রীতিমতো ভয়াবহ। নকল করে ভাল রেজাল্টের সুবাদে মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হয়ে যারা ডাক্তার-ইঞ্জিয়ার হয়ে বেরুবে, তারা সমাজকে কি দেবে, তা কল্পনাও করা যায় না। পরীক্ষা কেন্দ্রগুলোতে যেন গণটোকাটুকি - নকলবাজির হিড়িক পড়েছে। নকলে বাধা দেয়ার কারণে শিক্ষকরা পর্যন্ত মারধর খাচ্ছেন। এ অবস্থা চলতে দেয়া যায় না। নকল রোধে সরকার কড়া পদক্ষেপ নিলে আমরা (জাতীয় পার্টি) সর্বাত্মক সহায়তা করতে প্রস্তুত।

এ ব্যাপারে জবাব দিতে গিয়ে শিক্ষামন্ত্রী সাদেক বলেন, পরীক্ষায় নকলের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় অবগত। মন্ত্রণালয় নকল রোধের নানা উপায় পর্যালোচনা করে দেখছে। যেসব কেন্দ্রে নকলপ্রবণতা বেশি, ভবিষ্যতে সেগুলো বাতিল করা হবে। ওইসব কেন্দ্র পুনঃস্থাপনে কেউ যাতে সামাজিক চাপ সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে সবাইকে সজাগ থাকতে হবে। এছাড়া প্রশ্নপত্র পর্যালোচনামূলক করার বিষয় ভেবে দেখা হচ্ছে, যাতে কেউ বই রেখে উত্তর লিখতে না পারে। তবে এ জন্য প্রয়োজন সেভাবে পাঠদান পদ্ধতি প্রচলন। মন্ত্রী বলেন, সব কেন্দ্রে নকল হচ্ছে, এটাও ঠিক নয়। অনেক কেন্দ্রে নকল হয়েছে ঠিক; কিন্তু এমন অনেক কেন্দ্র আছে যেখানে কোন নকল হয়নি। এছাড়া মনে রাখতে হবে- নকল করে হয়তো পাস করা যায়, খুব ভাল ফল করা সম্ভব নয়। নকলবাজরা মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তিরই সুযোগ পাবে না; কারণ এসব ক্ষেত্রে ভর্তি পরীক্ষা কড়া। মন্ত্রী বলেন, নকল একটি সামাজিক ব্যাধি সবাই মিলেই এটা রোধ করতে হবে।

আওয়ামী লীগের আবদুল লতিফ মির্জা রাঙ্গামাটিতে জামাতের লংমার্চ সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাণনাশের জন্য গোলাম আজমের হুমকি প্রসঙ্গ তুলে এ জন্য গোলাম আজম ও তার সহযোগীদের বিচার দাবি করেন।